m

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganjdinajpur.gov.bd

**০৫ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশের আধুনিক ক্রীড়াঙ্গনের অন্যতম পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এঁর ৭৪তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত সভার সভার কার্যবিবরণী:**

সভাপতি : এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।
সভার তারিখ : ২৩/০৭/২০২৩
সময় বিকাল : ৪.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ কনফারেন্স রুম

(সভায় উপস্থিতি সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভাপতি কর্তৃক সরকারি কর্মকর্তা, উপস্থিত স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজের সদস্যবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, জনপ্রতিনিধিবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং তাঁদের বিদেহী আত্নার মাগফেরাত কামনা করা হয়। অত:পর বাংলাদেশের আধুনিক ক্রীড়াঙ্গনের অন্যতম পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি ও জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয়ের ২০ জুলাই ২০২৩ তারিখের ০৫.৫৫.২৭০০.০০৬.১২.০০৯.২৩-৫১২ (১০০) নম্বর স্মারকে প্রাপ্ত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সুষ্ঠু ও সুন্দর পরিবেশে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন উপলক্ষ্যে উপস্থিত সদস্যদের মতামত আহবান করা হলে তারা বিভিন্ন মতামত ও প্রস্তাব তুলে ধরেন। উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে ও বিস্তারিত আলোচনান্তে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

অনুষ্ঠান সূচী ঃ

| তারিখ | সময় ও স্থান | আলোচনা/বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৫ আগস্ট ২০২৩ | সকাল ১০.০০ ঘটিকা উপজেলা পরিষদ শহীদ মিনার চত্বর | বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | ০৫ আগস্ট ২০২৩ তারিখ উপজেলা পরিষদ শহীদ মিনার প্রাঙ্গনে অস্থায়ী মঞ্চ তৈরী করে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ফ্রেমে বাঁধাইকৃত প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | সংশ্লিষ্ট সকল |
| | সকাল ১০.৩০ ঘটিকা উপজেলা পরিষদ অডিটোরিয়াম | বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামার এঁর ৭৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, স্মৃতিচারণ ও দোয়া অনুষ্ঠান | ০৫ আগস্ট ২০২৩ তারিখ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, স্মৃতিচারণ ও দোয়া অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে | উপজেলা প্রশাসন, নবাবগঞ্জ |
| | সকাল ১১.০০ ঘটিকা উপজেলা পরিষদ অডিটোরিয়াম | যুব আনুদানের চেক বিতরণ ও চারাগাছ বিতরণ কার্যক্রমের উদ্বোধন | যুব কল্যাণ তহবিল হতে যুব সংগঠনসমূহের মাঝে যুব অনুদানের চেক বিতরণ এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক চারাগাছ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করতে হবে | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| | মসজিদসমূহে বাদ জুম্মা/অন্যান্য প্রতিষ্ঠান, মন্দির গীর্জা প্যাগোডায় সুবিধাজনক সময়ে | বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর রুহের মাগফেরাত কামনা করে কোরআন খতম/দোয়া মাহফিল ও প্রার্থনা | মসজিদসমূহে বাদ জুম্মা কোরআন খতম ও বিশেষ দোয়া মাহফিল এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করতে হবে। বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তরে কোরআন খতম/দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, ইমাম ও পুরোহিতগণ |
| | সুবিধাজনক সময়ে | বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জীবনী নিয়ে ছাত্র-ছাত্রীদের চিত্রাংকন, রচনা ও প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন | বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জীবনী নিয়ে ছাত্র-ছাত্রীদের চিত্রাংকন, রচনা ও প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| | বিকাল ৫.০০ ঘটিকা উপজেলা পরিষদ শিশু পার্ক | প্রীতি ক্রিকেট ম্যাচ | প্রীতি ক্রিকেট খেলা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা প্রশাসন, নবাবগঞ্জ |
| | মাসব্যাপী (১-৩১ আগস্ট ২০২৩ পর্যন্ত) | ব্যানার প্রদর্শন | বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী উদযাপন বিষয়ক একটি দৃষ্টিনন্দন ব্যানার উপজেলার সকল অফিস ও দপ্তর/সংস্থার গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শন করতে হবে | উপজেলার সকল দপ্তর/প্রতিষ্ঠান প্রধানগণ |

**বিবিধ সিদ্ধান্ত:**

১। ০৫ আগস্ট ২০২৩ দিবসটি উদযাপন উপলক্ষ্যে সকল কর্মসূচিতে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার বিষয়ে অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা, নবাবগঞ্জ ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।
২। ০৫ আগস্ট ২০২৩ দিবসটি উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠান চলাকালীন সময়ে অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।
৩। ০৫ আগস্ট ২০২৩ দিবসটি উদযাপন উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী ব্যাপকভাবে প্রচার করার জন্য সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।
৪। ০৫ আগস্ট ২০২৩ উপজেলার ন্যায় সকল ইউনিয়ন পরিষদগুলোতে অনুরূপ কর্মসূচি পালন করার জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৭/২৩

এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৪তম
জন্মবার্ষিকী উদযাপন কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।
ফোন নং-০৫৩৩৩-৫৬০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganjdinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৩- ৫৭৭ (১০০) তারিখ ঃ ২৩/০৭/২০২৩

**বিতরণ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। মাননীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা ---------------------------------------------------------- অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
৭। চেয়ারম্যান ----------------------------------------------------------ইউপি,(সকল) নবাবগঞ্জ, দিনাজপুর।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-----------------------------------------------নবাবগঞ্জ, দিনাজপুর।
৯। সভাপতি/সম্পাদক --------------------------------------------------------নবাবগঞ্জ, দিনাজপুর।
১০। জনাব ---------------------------------------------------------- নবাবগঞ্জ, দিনাজপুর।
১১। অফিস কপি।

২৩/৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।